

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৯৯

খোয়াই, ১৮ মার্চ, ২০২৫

খোয়াইয়ে স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে ৪ দিনের কর্মশালা শুরু

খোয়াই নতুন টাউনহলে আজ থেকে খোয়াই জেলার ৬টি ব্লকের প্রায় ৬০০ জন স্বসহায়ক দলের সদস্য নিয়ে ৪ দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের জেলা মিশন কার্যালয় এই কর্মশালার আয়োজন করে। কর্মশালার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রাজ্যের মহিলাদের আর্থসামাজিক মান উন্নয়নে ও মহিলাদের সশক্তিকরণে সরকার ব্যাপকভাবে কাজ করছে। অনেকে লাখপতি দিদি হয়েছেন। আত্মনির্ভর পরিবার গঠনের মধ্যদিয়ে এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা গড়তে তিনি সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানের সভাপতি তথা খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথশর্মা বলেন, নারীরা সন্মান পেলে ও শিক্ষিত হলেই দেশ সমৃদ্ধ হবে। এছাড়া বক্তব্য রাখেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য। উপস্থিত ছিলেন রিসোর্স পার্সন বি কে মিত্র, তিলক দাস প্রমুখ।
